

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৭৮

পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ৭২. যা দিয়ে পর্দা করা পছন্দনীয়

بَابُ مَا يُسْتَحَبُّ أَنْ يُسْتَتَرَ بِهِ

## আরবী

أَخْبَرَنَا حَجَّاجُ بْنُ مِنْهَالٍ حَدَّثَنَا مَهْدِيُّ بْنُ مَيْمُونِ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ جَعْفَرٍ قَالَ أَرْدَفَنِي يَعْقُوبَ عَنْ الْحَسَنِ بْنِ عَلِيّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ جَعْفَرٍ قَالَ أَرْدَفَنِي يَعْقُوبُ عَنْ الْحَسَنِ بْنِ عَلِيّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ جَعْفَرٍ قَالَ أَرْدَفَنِي يَعْقُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ذَاتَ يَوْمٍ خَلْفَهُ فَأَسَرَّ إِلَيَّ حَدِيثًا لَا أُحَدِّثُ بِهِ أَحَدًا مِنْ النَّاسُ وَكَانَ أَحَبَّ مَا اسْتَتَرَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِحَاجَتِهِ هَدَفٌ أَوْ حَائِشُ نَخْلٍ السَّاده صحيح

## বাংলা

৭৭৮. আব্দুল্লাহ ইবনু জা'ফর রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একদা আমাকে তাঁর বাহনে তাঁর পিছনে আরোহন করালেন। তারপর তিনি আমাকে একটি গোপন কথা বললেন যা আমি কোনো লোককে বলিনি। আর তাঁর হাজত পূরণের সময় যা দিয়ে আড়াল করতে তিনি পছন্দ করতেন, তার মধ্যে সবচেয়ে বেশি পছন্দনীয় ছিল টিলা (উচ্চভূমি) অথবা, ঘন খেজুর বাগান।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: আর এটি গত হয়েছে ৬৯০ নং এ গত হয়েছে (আমাদের গণনায় তা ৬৮৬ নং-অনুবাদক)। দেখুন নাইলুল আওতার ১/৯২।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু জা'ফার (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন